Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



### জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য /০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

মূল্য ছয় পয়সা

পণ্ডিত-প্রেসে পাইবেন।



৩৮শ বর্ষ | রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—২৪শে বৈশাখ বুধবার ১৩৫৯ ইংরাজী 7th May. 1952 | ৫০শ সংখ্যা



## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।



## জীবনযাত্রার পাথেয়

আমাদের গৃহ-সংসার কত আশা ও উৎসাহ, কত শান্তি ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী। বাপ মায়ের সে স্বপ্ন রূঢ় বাস্তবের আঘাতে ভেঙ্গে যাওয়া অসম্ভব নয়, তাই নিজের জন্যও যেমন তাঁদের দুশ্চিন্তা, ছেলে-মেয়ে ও আত্মীয়-পরিজনের জন্যও তেমনি তাঁদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়? হিন্দুস্থানের বীমাপত্র সেই সংস্থানের উপায় স্বরূপ—প্রত্যেকের আর্থিক সঙ্গতি ও বিভিন্ন প্রয়োজন অনুযায়ী নানাবিধ বীমাপত্রের ব্যবস্থা আছে।

জীবনযাত্রার অনিশ্চিত পথে
জীবন বীমা মানুষের
প্রধান পাথেয়।

### হিন্দুস্থান কো-অপারেটিভ

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

২৪শে বৈশাখ বুধবার সন ১৩৫৯ সাল।

## "দাতারো নরকং যান্তি দানগ্রাহী নিপাতিতঃ।"

—০—

এই শ্লোকাংশের অর্থ—দাতারা নরকে গমন করিতেছে এবং যে দান গ্রহণ করিতেছে সে বিনষ্ট হইতেছে। চিরদিনই লোকে জানে—দাতা দানের ফলে দীর্ঘায়ু হইয়া পরকালে স্বর্গে গমন করেন। কেবল অতিদান করিয়া দৈত্যরাজ বলি পাতালে গমন করিয়াছিলেন, তাঁহার দ্বারে স্বয়ং নারায়ণ দ্বাররক্ষক হইয়া অবস্থান করিয়া বলির কামনা পূরণ করিতে বাধ্য হইয়াছিলেন। দাতার নরকে গমন কেহ কখন শুনিয়াছেন কি?

অনেক দিনের কথা—যখন ইংরেজ এ দেশে আসে নাই মহারাজা নন্দকুমার তাঁহার পৈতৃক রাজধানী ভদ্রপুর রাজবাটীতে মহাসমারোহে লক্ষ ব্রাহ্মণ পণ্ডিতের সমন্বয়-সভা আহ্বান করিয়াছিলেন। তাহাতে অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ, দ্রাবিড়, মিথিলা, কাশী, কাঞ্চী প্রভৃতি প্রদেশ হইতে শাস্ত্রজ্ঞ ব্রাহ্মণ পণ্ডিতগণ আগমন করিয়াছিলেন। সভার নিয়ম অনুসারে রাজপুরোহিতকে আলোচনার জন্য পূর্ব্বপক্ষ (প্রশ্ন) করিতে হয়। তিনি বিচারের জন্য যে প্রশ্ন করিবেন অন্যান্য সমাগত পণ্ডিতগণ শাস্ত্রের যুক্তিসহ তাহার মীমাংসা করিবেন।

ভদ্রপুরের সংলগ্ন আকালীপুর নামক গ্রামের ভট্টাচার্য্য বংশের এক বৃদ্ধ ব্রাহ্মণ মহারাজা নন্দকুমারের কুলপুরোহিত ছিলেন। তাঁহার উপর মহারাজা ভার দিলেন—এমন এক জটিল প্রশ্ন উত্থাপন করিতে হইবে, যাহাতে এই সমাগত লক্ষ ব্রাহ্মণের সেই প্রশ্নের মীমাংসা করা দুঃসাধ্য হইয়া উঠে। ভট্টাচার্য্য মহাশয় খুব বিপন্ন হইয়া উঠিলেন। এতগুলি মহা মহা পণ্ডিতকে কি প্রশ্ন করিয়া তিনি পরাস্ত করিবেন, যাহাতে তাঁহার সম্মান ও রাজমর্য্যাদা উভয়ই রক্ষা হয়।

অতি প্রত্যুষে ভট্টাচার্য্য মহাশয় আকালীপুরের পার্শ্ব দিয়া প্রবাহিতা ব্রহ্মাণী নদীতে স্নানার্থে গমন করিয়া একটি ব্যাপার দর্শন করিলেন। সেই ঘটনা অবলম্বন করিয়া একটী শ্লোক রচনা করিলেন। তাঁহার রচিত শ্লোক তাঁহাকেই এত মুগ্ধ করিল যে তিনি কৃতনিশ্চয় হইলেন সমাগত পণ্ডিতগণের কেহই ইহার মীমাংসা করিতে পারিবেন না।

সভারম্ভ হইবামাত্র পূর্ব্বপক্ষ করিবার জন্য রাজপুরোহিত ভট্টাচার্য্য মহাশয় তাঁহার রচিত শ্লোকটী আবৃত্তি করিলেন।

"কিমাশ্চর্য্যং ময়া দৃষ্টং স্বল্পতোয়া নদীতটে।
দাতারো নরকং যান্তি দানগ্রাহী নিপাতিতঃ॥"

শ্লোকটী শ্রবণ করা মাত্র পণ্ডিতগণের মধ্যে তর্কাতর্কি আরম্ভ হইল। দাতার নরকে গমন কেহ কোন শাস্ত্রে খুঁজিয়া পাইলেন না।

তখন পণ্ডিতগণ প্রশ্নকর্ত্তা ভট্টাচার্য্য মহাশয়কেই তাঁহার প্রশ্নের মীমাংসা করিতে অনুরোধ করিলেন। ভট্টাচার্য্য মহাশয় সবিনয়ে পণ্ডিতমণ্ডলীর নিকট নিবেদন করিলেন—"আপনারা যদি আমার সঙ্গে গ্রামের পার্শ্ববর্ত্তী নদীর ধারে গমন করেন সকলেই স্বচক্ষে ব্যাপারটী প্রত্যক্ষ করিয়া নিঃসন্দেহ হইবেন।" পণ্ডিতেরা ভট্টাচার্য্য মহাশয়ের অনুসরণ করিয়া নদীর ধারে গিয়া দেখিলেন—নদীর ধারে কতকগুলি লোক চার ফেলিয়া বড়শীতে টোপ গাঁথিয়া নদীগর্ভস্থ মৎস্যগুলিকে খাদ্য-দ্রব্যে প্রলুব্ধ করতঃ বড়শীবিদ্ধ করিয়া হত্যা করিতেছে। তাহারা নির্ব্বোধ মৎস্যদিগকে তাহাদের খাদ্য বিতরণ করিতেছে, সুতরাং দাতা—এ দান তাহাদের প্রাণ সংহার করিয়া নিজের মতলব হাসিল করার জন্য। এ দানে দাতার নরক ও গ্রহীতার বিনাশ অবশ্যম্ভাবী। পণ্ডিতেরা ব্যাপার দেখিয়া ভট্টাচার্য্যের প্রদত্ত প্রশ্নের মীমাংসা স্বচক্ষে দেখিয়া সন্তুষ্ট হইলেন।

চৌরঙ্গীতে ক্যালকাটা ক্লাবের উল্‌টো দিকে পশ্চিম বঙ্গের কংগ্রেসের একটী বিরাট অট্টালিকা প্রাপ্তি হইয়াছে। গত ২রা মে পশ্চিম বাঙলার প্রধান মন্ত্রী মহাশয় উক্ত গৃহের দ্বারোদ্‌ঘাটন করিয়া শুভ গৃহপ্রবেশ কার্য্য সমাপন করিয়াছেন। যিনি দ্বারোদ্‌ঘাটন করিলেন তাঁহার লম্বা বক্তৃতার মধ্যে এ প্রাসাদের পুণ্যাত্মা দাতার নামোদ্‌ঘাটন করিলে আমরা দাতাকে ধন্য ধন্য করিয়া নিজেরাও ধন্য হইতাম।

কয়েক দিন পূর্ব্বে কংগ্রেসের সুযশ সুখ্যাতির ঢক্কা-বাদক একখানি সংবাদ পত্র হঠাৎ বদসুর গাহিয়া, কংগ্রেস এ বাড়ী কেমন করিয়া পাইলেন এই প্রশ্ন করিয়া বসিল। প্রাদেশিক কংগ্রেসের সভাপতি মহাশয় পূর্ব্ব বঙ্গের প্রচলিত প্রবাদ বাক্যের জলন্ত দৃষ্টান্ত স্বরূপ—

"স্বয়ং রইলেন ডহর জলে
পোলারে পাঠাইলেন বাত্রা লইতে।"

বর্দ্ধমানের অকৃত্রিম কংগ্রেস কর্ম্মী আবদুস্ সাত্তার সাহেব মারফৎ যে উত্তর দিলেন—তাহাতে সাত্তার সাহেব এক তার বাজাইতে ৭ তার বাজাইয়া ফেলিলেন। এ বাজনা সংবাদপত্র-পাঠকগণ অবগত আছেন। প্রাদেশিক কংগ্রেসের সভাপতি মহাশয় যে সে লোক নন। জহরলালজী যেমন ভারতীয় রাষ্ট্রীয় কংগ্রেসের সভাপতি ওরফে ভারতের প্রধান মন্ত্রী, প্রাদেশিক কংগ্রেস সভাপতি মহাশয় ওরফে লোকসভার নব নির্ব্বাচিত এম, পি। পশ্চিমবঙ্গের প্রধান মন্ত্রী মহাশয়ও গৃহপ্রবেশের শুভক্ষণে কোন্ গুহ্য কারণে এই অট্টালিকার দাতার নাম উহ্য রাখিলেন তাহা প্রাদেশিক মহাপুরুষগণ এবং নির্ব্বাচনের পর কংগ্রেসের কলুষমোচনকামী ভারতের প্রধান মন্ত্রী ওরফে নিখিল ভারত কংগ্রেসের সভাপতি ইচ্ছা করিলে আবিষ্কার করিতে পারেন। আমরা সংবাদ পাইয়াছি—এ দানও মাছ ধরার মত অপকর্ম্মের—চার ও টোপ। মহাত্মাজী এই সব কংগ্রেসী মহোদয়গণের গুহ্য ও গুপ্ত চরিত্রের আভাস ইঙ্গিত পাইয়াই এই অসাধু ডাকুর আড্ডা ভাঙিয়া দিতে বলিয়াছিলেন। আমরা দাতার নরক ও দানগ্রাহীর বিনাশ কবে দেখিব তা' কে জানে!

---

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সংশ্লিষ্ট ব্যক্তিগণকে সতর্ক করা যাইতেছে যে নশীপুর রাজ ওয়ার্ডস্ এষ্টেটের শীল মোহর যুক্ত একখণ্ড original দাখিলা নং L 37332 হারাইয়া গিয়াছে। উক্ত দাখিলা লইয়া কেহ কোন প্রকার খাজনাদি আদায় দিবেন না। যদি উপরোক্ত

দাখিলা কাহারও নিকট থাকে তবে এই বিজ্ঞাপন তারিখ হইতে ১৫ দিন মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাইবেন।

J. C. Guha
ম্যানেজার, নশীপুর রাজ ওয়ার্ডস্ এষ্টেট
পোঃ নশীপুর রাজবাটী, জেঃ মুর্শিদাবাদ।

---

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### *নিলামের দিন ১২ই মে ১৯৫২*

১৯৫১ সালের ডিক্রীজারী

৬৮২ খাং ডিঃ সেবাইত গোবিন্দদাস নাথ দেং গোবিন্দ মণ্ডল দিং দাবি ৫২৬/৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাসুদেবপুর ৩-৯৯ শতকের কাত ১৫৲ আঃ ১০৲ খং ১৮৭

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৯শে মে ১৯৫২

১৯৪৯ সালের ডিক্রীজারী

২৯ মনি ডিঃ শ্যামাচরণ নাথ দিং দেং গোবিন্দদাস নাথ দিং দাবি ৪০৪৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামদেবপুর ২৬-৯৫ শতকের কাত ৭৫৲ ইহাতে দেন্দারের ½ অংশ হারাহারি মতে খাজনা ২৫৲ আঃ ২১০৲ খং ৫৬৫ অধীনস্থ খং ৫৬৬ হইতে ৫৬৯, ৫৭০ হইতে ৫৭৯, ৫৮২, ৫৮৪, ৫৮৬ হইতে ৫৮৮, ৫৯২, ৫৯৫, ৫৯৬, ৫৯৮ হইতে ৬০২ স্বত্ব মৌরসী মোকররী

১৯৫১ সালের ডিক্রীজারী

৩২ মনি ডিঃ সাবেদালী মোল্লা দেং হালেমা বিবি দাবি ৩২৬৶৩ থানা সাগরদীঘি মৌজে বেলাইপাড়া ৮৩ শতকের কাত ৬৶৬ পাই মধ্যে ২৪ শতক এর কাত পরতামত ।০ দেন্দারের ½ অংশ নিলাম হইবে। আঃ ২০৲ খং ২৪৬ রায়ত স্থিতিবান

৩৩ মনি ডিঃ ঐ দেং মসলমা বিবি দাবি ৩৩৬৶৬ মৌজাদি ঐ ৮৩ শতকের কাত ৬৶৬ পাই মধ্যে ২৪ শতকের কাত পরতামত ।০ দেন্দারের ½ অংশ নিলাম হইবে। আঃ ২০৲ খং ২৪৬ ঐ স্বত্ব

৩৪ মনি ডিঃ ঐ দেং আসরেতুন বিবি ওরফে চিমি বিবি দাবি ৩৩৬৶৬ মৌজাদি ঐ ৮৩ শতকের কাত ৬৶৬ পাই মধ্যে ২৪ শতকের কাত পরতামত ।০ দেন্দারের ½ অংশ নিলাম হইবে। আঃ ২০৲ খং ২৪৬ ঐ স্বত্ব

৩৫০ খাং ডিঃ যদুনন্দন দাস দিং দেং হরেন্দ্রনারায়ণ চৌধুরী দিং দাবি ১২৬॥৶০ থানা সাগরদীঘি মৌজে নিস্পীবিড়ল ২৮৩৪ শতকের কাত ২১৲ আঃ ৫০৲ খং ১৫।১৮

৩৫৩ খাং ডিঃ নশীপুর রাজ ওয়ার্ডস্ এষ্টেট দেং ধীরেন্দ্রনাথ রায় দিং দাবি ৩০৲ থানা সমসেরগঞ্জ মৌজে ফুলন্দর ৩-৮ শতকের কাত ॥৭॥০ গণ্ডা আঃ ২০৲ খং ৩৪, ১৫, ৩৭

১৯৫২ সালের ডিক্রীজারী

৯৩ খাং ডিঃ কমলারঞ্জন ধর দিং ট্রাষ্ট এষ্টেট্ দেং মতিউল্লা বিশ্বাস দিং দাবি ১১০৶৯ থানা সাগরদীঘি মৌজে ভূমিহর ৩-৪২ শতকের কাত ১৭৬৶৫ আঃ ৮০৲ খং ৮৭৯

৯৪ খাং ডিঃ ঐ দেং হরিপদ সাহা দিং দাবি ৫৪৬/৯ থানা ঐ মৌজে নিজ চাঁদপাড়া ২-৪ শতকের কাত ৮৬৶০ আঃ ৪৩৲ খং ১১৯০

৪৮ খাং ডিঃ কামেশ্বরনাথ লালা দেং এবারক হোসেন দিং দাবি ১৭৬৮ থানা সাগরদীঘি মৌজে শ্যামপুর ১২ শতকের কাত ১৲ আঃ ২৲ খং ৯৯

৫১ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৫।৶১০ থানা ঐ মৌজে আথুয়া ২-১৬ শতকের কাত ৭।৶৩ পাই আঃ ২৫৲ খং ৮৬

৫২ খাং ডিঃ ঐ দেং গোলচেহেরা বিবি দাবি ১৬৵৬ থানা ঐ মৌজে বেলাইপাড়া ৬ শতকের কাত ।৶৬ গণ্ডা আঃ ১৲ খং ১৯৮

৫৩ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩৬৶৩ মৌজাদি ঐ ১৬ শতকের কাত ১৬১৫ আঃ ৫৲ খং ১৯৯

৫৪ খাং ডিঃ ঐ দেং গোলচেহেরা বিবি দিং দাবি ১৪৬৵৪ থানা ঐ মৌজে শ্যামপুর ৬২ শতকের কাত ১৬৶০ আঃ ৫৲ খং ৩৪

৫৫ খাং ডিঃ ঐ দেং বেণীমাধব বন্দ্যোপাধ্যায় দাবি ৪৯৵৫ থানা ঐ মৌজে থৈরটি ৪-২৩ শতকের কাত ১৪॥/৪॥ গণ্ডা আঃ ২৫৲ খং ১৯৩

৫৬ খাং ডিঃ ঐ দেং আবদুল মান্নান দিং দাবি ১৭৬৭ মৌজাদি ঐ ১-৫ শতকের কাত ৩।/৬ পাই আঃ ১০৲ খং ৪২

৫৭ খাং ডিঃ ঐ দেং আবদুল হাকিম মিঞা দাবি ২১/৯ থানা ঐ মৌজে তাঁতিবিড়ল ১-৯২ শতকের কাত ৪॥৶০ আঃ ১০৲ খং ২৫

২২ খাং ডিঃ তারকনাথ রায় চৌধুরী দেং সুচারিণী দাসী দাবি ২৮০॥৵০ থানা সাগরদীঘি মৌজে ধামুয়া, দক্ষিণ দেবগ্রাম, ডাংরাইল, বেড়গ্রাম, দুর্গাপুর জমা ।৶১০ সাত বিশ দশ আড়ি ধান্য আঃ ১০০৲ খং ৫৫।৭২।৭৩ ইত্যাদি

৯২ খাং ডিঃ ভোলানাথ রায় চৌধুরী দেং সুচারিণী দাসী দাবি ১৯৯৬/৯ থানা সাগরদীঘি মৌজে ধামুয়া, দক্ষিণ দেবগ্রাম, ডাংরাইল, বেড়গ্রাম ও দুর্গাপুর ৩-২৫ শতকের কাত ।৶১০ সাত বিশ দশ আড়ি ধান্য আঃ ১০০৲ খং ৫৭, ৩৬, ২০, ২৫, ২৩১

২৭ খাং ডিঃ আইজান নেসা বিবি দেং শ্যামাপদ সাহা দিং দাবি ৮৫৬০ থানা সাগরদীঘি মৌজে প্রসাদপুর ৩-৩৫ শতকের কাত ১৮।৩ আঃ ৭০৲ খং ৪৮ রায়ত স্থিতিবান

২৮ খাং ডিঃ ঐ দেং প্রভাতকুমার বন্দ্যোপাধ্যায় দাবি ৪৩৵৬ থানা ঐ মৌজে দক্ষিণগ্রাম ১-২০ শতকের কাত ৬॥৶০ আঃ ৩৫৲ খং ৩

৮৮ খাং ডিঃ রিসিভার নৃসিংহকুমার সিংহ দেং আবদুস শুকুর মিঞা দিং দাবি ১৩৩॥৵৯ থানা সাগরদীঘি মৌজে শীতলপাড়া ১১-১৮ শতকের কাত ২১৶৩ আঃ ১০০৲ খং ৯ রায়ত স্থিতিবান

৭৫ খাং ডিঃ কামেশ্বরনাথ লালা দেং এবারক হোসেন দিং দাবি ১১৬/০ থানা সাগরদীঘি মৌজে থৈরটি ১০ শতকের কাত ।৵৭ আঃ ৫৲ খং ২৫৬

৭৬ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২১৲ মৌজাদি ঐ ৭৩ শতকের কাত ২।৶১০ আঃ ৫৲ খং ৩৭৮

৭৭ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২॥৶০ মৌজাদি ঐ ১৫ শতকের কাত ॥৵১ আঃ ৫৲ খং ৩৮

৯৭ খাং ডিঃ সেবাইত মহান্ত গণপতি দাস গোস্বামী দেং হেরাস বিশ্বাস দিং দাবি ১০৭॥/৯ থানা সাগরদীঘি মৌজে ভুঁইহাট ৫১৯ শতকের কাত ১৬৲ আঃ ২০৲ খং ৩৪৭

২৪ খাং ডিঃ বরদাচারী স্বামী দিং দেং শ্যামাপদ সাহা দিং দাবি ৩৪।৯ থানা সাগরদীঘি মৌজে ঠাকুরপাড়া ২-১৮ শতকের কাত ৩॥০ আঃ ২০৲ খং ৯০ রায়ত স্থিতিবান

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

## নিলামের দিন ১৯শে মে ১৯৫২

১৯৫২ সালের ডিক্রীজারী

৬৯ থাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং রঞ্জিত সিংহ দিং দাবি ৫৭৸/৩ থানা সমসেরগঞ্জ মৌজে অনুপনগর দিঘরী ২-৯২ শতকের কাত ৭৷৵০ আঃ ২০৲ খং ১৫৪১ রায়ত স্থিতিবান

৭৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১১৵৩ মৌজাদি ঐ ৩১ শতকের কাত ১৸/৯ আঃ ৮৲ খং ৩৬০১ ঐ স্বত্ব

৭২ থাং ডিঃ ঐ দেং রমণীকান্ত পাল দিং দাবি ২১৸/০ থানা ঐ মৌজে অনুপনগর ঘোড়ামারা ১-৬২ শতকের কাত ৪৸৵০ আঃ ১০৲ খং ৩৮৩ ঐ স্বত্ব

৯৫ থাং ডিঃ মাতয়ালি জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং সুবেশচন্দ্র সরকার দাবি ১৭৸৶৬ থানা ফরক্কা মৌজে সুদনা ৩-৮ শতকের কাত ৯৲ আঃ ১০৲

১০১ থাং ডিঃ ঐ দেং ভোলানাথ মণ্ডল নাং পক্ষে অলি মাতা ও স্বয়ং কুসমী বেওয়া দাবি ২৬/০ থানা ঐ মৌজে লক্ষীপুর ১১৸৪৲১৫ জমির কাত ১৭৲৩ আঃ ১৫৲

১০০ থাং ডিঃ কণিকারাণী দেবী দেং উপেন্দ্রনাথ তেওয়ারী দিং দাবি ৪৯/৩ থানা সমসেরগঞ্জ মৌজে দুর্গাপুর ৩২০ শতকের কাত ৮৲৬ আঃ ১০৲ খং ৭৫ রায়ত স্থিতিবান


৫৯ থাং ডিঃ অশ্বিনীকুমার সরকার দেং মোঃ হরেশতুল্লা দিং দাবি ২৭৵৬ থানা সমসেরগঞ্জ মৌজে জয়কৃষ্ণপুর ২৸০ বিঘার কাত ২৬৵৫ আঃ ৫৲ খং ১৩৪

৬১ থাং ডিঃ হেমলতা রায় চৌধুরাণী দেং গৌরাঙ্গিনীবালা দাসী দিং দাবি ১৩৶৬ থানা সমসেরগঞ্জ মৌজে জয়কৃষ্ণপুর ।৪৸০ জমির কাত ১৸৶৪ আঃ ৫৲ খং ২৪৯

১৬ থাং ডিঃ বিধুসুন্দরী দেবী দেং সারদাসুন্দরী দাসী দাবি ১৪৬৯ থানা ফরক্কা মৌজে চণ্ডিপুর ৬২ শতকের কাত ১।১ আঃ ৫৲ খং ১৫১

২৩ থাং ডিঃ ধীরেন্দ্রনাথ চৌধুরী দেং হরেন্দ্র-নারায়ণ সাহা দিং দাবি ১৩।৩ থানা সমসেরগঞ্জ মৌজে সেরপুর ৷২৸০ জমির কাত ১/১১।০ আঃ ৫৲ খং ১৫৭

---




---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত